জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

সূত্র নং ঃ ০৬ (১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/১৪৬২ তারিখ ঃ ১৩/০৭/২০১৬

২০১৬ সালের ডিগ্রী (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন বিষয়ক
ওয়েব সাইট ঃ **www.nubd.info/degree-pass**
ই-মেইল ঃ **degpvt@nubd.info**

২০১৬ সালের ডিগ্রী (পাস) বি.এ/ বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হ'ল ঃ

১. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার সময়সীমা ঃ

i) আগ্রহী প্রার্থীদের অন-লাইন থেকে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা	২০/০৭/২০১৬ হতে ২১/০৮/২০১৬ তারিখ পর্যন্ত
ii) পূরণকৃত আবেদন ফরম ও নির্ধারিত ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার শেষ তারিখ	২২/০৮/২০১৬
iii) কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি করার শেষ তারিখ	২৭/০৮/২০১৬
iv) কলেজ কর্তৃক রেজিস্ট্রেশন ফি ও তালিকাভুক্তি ফি এর ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	২৯/০৮/২০১৬

২. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ

ক) বাংলাদেশে বসবাসকারী যে সকল প্রার্থী ২০১৫ সাল বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করেছে অথবা জি.সি.ই 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০৩ (তিন) টি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৬ সালের ডিগ্রী (পাস) (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২০১৫ সাল বা তৎপূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ডিগ্রী (পাস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

ঘ)) স্নাতক ডিগ্রীধারী যে কোন ছাত্র/ছাত্রী যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোর্স এন্ড কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। বিষয় সমূহঃ বাংলা(ঐচ্ছিক), ইংরেজী(ঐচ্ছিক), আরবী, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পালি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং।

ঙ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

চ) প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না ।

ছ) যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে ডিগ্রী (পাস)প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

৩. ফিসের হার ঃ

ক) রেজিস্ট্রেশন ফি প্রতিজন ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা ।

খ) তালিকাভুক্তি ফি প্রতিজন ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা।

গ) কলেজ কর্তৃপক্ষকে জনপ্রতি রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে সোনালী সেবার মাধ্যমে, সোনালী ব্যাংক জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অনুকূলে এবং তালিকাভুক্তি ফি বাবদ ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকার মধ্যে ১০০/-(একশত) টাকা হারে কলেজসমূহ রাখবে এবং জনপ্রতি ভর্তি ফান্ডের বিপরীতে ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা হারে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংক জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অনুকূলে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

৪. রেজিস্ট্রেশন সংক্রান্ত কাজে কলেজের করণীয় ঃ

ক) কোর্সওয়ারী সিরিয়াল নম্বর ০১ থেকে শুরু হবে যা আবেদন ফরম ও রিসিভ অংশে একই হবে;

খ) কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় হতে User ID (কলেজ কোড) এবং password ব্যবহার (password বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত) করে অনলাইনে ডাটা এন্ট্রি করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত password কোন অবস্থাতেই অন্য কাউকে অবগত করা যাবে না।

গ) ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা কলেজ কর্তৃপক্ষ নিজ দায়িত্বে ডিগ্রী প্রাইভেট কোর্সের রেজিস্ট্রেশন বিষয়ক ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করবে। শিক্ষার্থীদের তথ্য সতর্কতার সাথে নির্ভুলভাবে অন-লাইনে এন্ট্রি করে এবং প্রিন্ট নিয়ে যাচাই করে অন-লাইনে আপডেট করতে হবে।

ঘ) ফরম পূরণের সময় আবেদন কারীর পাসপোর্ট (পাসপোর্ট সাইজের নিয়ম অনুযায়ী) আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০ X ১৫০ pixel, Image Type: jpg এবং maximum file size: 50kb.

ঙ) ডিগ্রী প্রাইভেট কোর্সের রেজিস্ট্রেশন বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রীয়ভাবে On-line কার্যক্রম বন্ধ হয়ে যাবে, বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

চ) রেজিস্ট্রেশনের জন্য এন্ট্রিকৃত শিক্ষার্থীর হিসাব বিবরণী অনলাইন থেকে প্রিন্ট করে এবং শিক্ষার্থীর আবেদন পত্রসহ কাগজপত্র যাচাইপূর্বক কোর্সওয়ারী ভর্তির ক্রমানুযায়ী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

ছ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে টেকনিক্যাল সাপোর্ট নিতে ই-মেইলে (**degpvt@nubd.info**) এবং মোবাইল নং- ০১৯৬৬৮৯৪৭০২, ০১৯৬৬৮৯৪৭০৩ ও ০১৭৫৪ ৯৬৮৭৮১ এ যোগাযোগ করা যেতে পারে।

৫. নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে ঃ

ক. মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন) ।

খ. কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

গ. একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক ৩ (তিন) টি নমুনা স্বাক্ষর সত্যায়িত করে জমা দিতে হবে। এখানে উল্লেখ যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনি ছবিও সত্যায়িত করবেন।

ঘ. সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

ঙ. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

৬. পাঠ্যক্রম ও পাঠ্যসূচী ঃ

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই একই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

৭. কোন শিক্ষার্থী কারাগারে অবস্থানরত অবস্থায় রেজিস্ট্রেনের আবেদন করতে পারবেনা।

৮. জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের বিনা অনুমতিতে প্রাইভেট পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

৯. রেজিস্ট্রশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুল ত্রুটি ধরা পড়ে অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

১১. আদালতে বিচারাধীন/দণ্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলী পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১২. যে সকল কলেজে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে ঃ

ক্র	কলেজের নাম	কোড	ক্র	কলেজের নাম	কোড	ক্র	কলেজের নাম	কোড
১	সর. পি.সি. কলেজ, বাগেরহাট	১০১	৩৩	লালমহিরহাট সর. কলেজ, লালমনিরহাট	২৯০১	৬৫	টঙ্গী সর. কলেজ, গাজীপুর	৫৫১১
২	সাতক্ষীরা সর. কলেজ, সাতক্ষীরা	২০১	৩৪	কুড়িগ্রাম সর. কলেজ, কুড়িগ্রাম	৩০০১	৬৬	সর. তোলারাম কলেজ, নারায়নগঞ্জ	৫৬০১
৩	সর. মহিলা কলেজ, খুলনা	৩১২	৩৫	নীলফামারী সর. কলেজ, নীলফামারী	৩১০১	৬৭	হরগঙ্গা সর. কলেজ, মুন্সিগঞ্জ	৫৭০১
৪	সর. বি.এল. কলেজ, খুলনা	৩২২	৩৬	কারমাইকেল কলেজ, রংপুর	৩২০১	৬৮	সর. দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ	৫৮০১
৫	সর. ভিক্টোরিয়া কলেজ, নড়াইল	৪০১	৩৭	গাইবান্ধা সর. কলেজ, গাইবান্ধা	৩৩০১	৬৯	রাজবাড়ী সর. কলেজ, রাজবাড়ী	৫৯০১
৬	সর. এম.এম. কলেজ, যশোর	৫০১	৩৮	দিনাজপুর সর. কলেজ, দিনাজপুর	৩৪০১	৭০	সর. রাজেন্দ্র কলেজ, ফরিদপুর	৬০০১
৭	সর. কে.সি. কলেজ, ঝিনাইদহ	৬০১	৩৯	ঠাকুরগাঁও সর. কলেজ, ঠাকুরগাঁও	৩৫০২	৭১	সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর	৬০০২
৮	সর. হোসেন শহীদ সো. কলেজ, মাগুড়া	৭০১	৪০	মকবুলার রহমান সর. কলেজ, পঞ্চগড়	৩৬০১	৭২	সর. বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ	৬১০১
৯	চুয়াডাঙ্গা সর. কলেজ, চুয়াডাঙ্গা	৮০১	৪১	ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা	৩৭০১	৭৩	শরীয়তপুর সর. কলেজ, শরীয়তপুর	৬২০১
১০	মেহেরপুর সর. কলেজ, মেহেরপুর	৯০১	৪২	কুমিল্লাা সর. মহিলা কলেজ, কুমিল্লা	৩৭০৩	৭৪	সরঃ নাজিমউদ্দিন কলেজ, মাদারীপুর	৬৩০১
১১	কুষ্টিয়া সর. কলেজ, কুষ্টিয়া	১০০১	৪৩	বি.বাড়ীয়া সর. কলেজ, বি বাড়ীয়া	৩৮০১	৭৫	সাভার কলেজ, ঢাকা	৬৪০১
১২	বি.এম. কলেজ, বরিশাল	১১০১	৪৪	চাঁদপুর সর. কলেজ, চাঁদপুর	৩৯০১	৭৬	ধামরাই সরকারী কলেজ, ধামরাই	৬৪০২
১৩	বরিশাল সর. মহিলা কলেজ, বরিশাল	১১০৭	৪৫	লক্ষীপুর সর. কলেজ, লক্ষীপুর	৪০০১	৭৭	ইস্পাহানি কলেজ, ঢাকা	৬৪০৬
১৪	সোহরাওয়ার্দী সর. কলেজ, পিরোজপুর	১২০১	৪৬	ফেনী সর. কলেজ, ফেনী	৪১০১	৭৮	নিউ মডেল ডিগ্রী কলেজ, ঢাকা	৬৪১০
১৫	ঝালকাঠি সর. কলেজ, ঝালকাঠি	১৩০১	৪৭	নোয়াখালী সর. কলেজ, নোয়াখালী	৪২০১	৭৯	সর. বাঙলা কলেজ, ঢাকা	৬৪২০
১৬	ভোলা সর. কলেজ, ভোলা	১৪০১	৪৮	চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম	৪৩০১	৮০	তেজগাঁও কলেজ, ঢাকা	৬৪২২
১৭	পটুয়াখালী সর. কলেজ, পটুয়াখালী	১৫০১	৪৯	চট্টগ্রাম সর. সিটি কলেজ, চট্টগ্রাম	৪৩০৪	৮১	সর. তিতুমীর কলেজ, ঢাকা	৬৪২৩
১৮	বরগুনা সর. কলেজ, বরগুনা	১৬০১	৫০	হাজী মহসীন কলেজ, চট্টগ্রাম	৪৩০৫	৮২	শেখ বোরহানুদ্দিন পো.গ্রা. কলেজ	৬৪২৫
১৯	সরকারী এম.সি. কলেজ, সিলেট	১৭০১	৫১	সরকারী কমার্স কলেজ, চট্টগ্রাম	৪৩০৬	৮৩	ইডেন মহিলা কলেজ, ঢাকা	৬৪২৬
২০	বৃন্দাবন সর. কলেজ, হবিগঞ্জ	১৮০১	৫২	কক্সবাজার সরকারী কলেজ, কক্সবাজার	৪৪০১	৮৪	টি এন্ড টি কলেজ, ঢাকা	৬৪৩১
২১	সুনামগঞ্জ সর. কলেজ, সুনামগঞ্জ	১৯০১	৫৩	বান্দরবান সর. কলেজ, বান্দরবান	৪৫০১	৮৫	কবি নজরুল সর. কলেজ, ঢাকা	৬৪৩৫
২২	মৌলভীবাজার. সর. কলেজ. মৌলভীবাজার	২০০১	৫৪	রাঙ্গামাটি সর. কলেজ, রাঙ্গামাটি	৪৬০১	৮৬	আবুজর গিফারী কলেজ, ঢাকা	৬৪৩৯
২৩	সর. এডওয়ার্ড কলেজ, পাবনা	২১০১	৫৫	খাগড়াছড়ি সরকারী কলেজ, খাগড়াছড়ি	৪৭০১	৮৭	বেগম বদরুন্নেছা সর. ম. কলেজ, ঢাকা	৬৪৪১
২৪	সিরাজগঞ্জ সর. কলেজ, সিরাজগঞ্জ	২২০১	৫৬	নেত্রকোনা সর. কলেজ, নেত্রকোনা	৪৮০১	৮৮	তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা	৬৪৪২
২৫	এন.এস. সরকারী কলেজ, নাটোর	২৩০১	৫৭	গুরুদয়াল সর. কলেজ, কিশোরগঞ্জ	৪৯০১	৮৯	লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা	৬৪৪৭
২৬	নওগাঁ সর. কলেজ, নওগাঁ	২৪০১	৫৮	সর. আশেক মাহমুদ কলেজ, জামালপুর	৫০০১	৯০	ঢাকা উইমেন্স কলেজ, উত্তরা, ঢাকা	৬৪৫১
২৭	রাজশাহী সর. কলেজ, রাজশাহী	২৫০১	৫৯	শেরপুর সর. কলেজ, শেরপুর	৫১০১	৯১	মোঃপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা	৬৪৫৮
২৮	রাজশাহী সর. সিটি কলেজ, রাজশাহী	২৫০২	৬০	নাসিরাবাদ কলেজ, ময়মনসিংহ	৫২০৪	৯২	হাবিবুলাহ বাহার কলেজ, ঢাকা	৬৪৫৯
২৯	নিউ গভঃ কলেজ, রাজশাহী	২৫০৬	৬১	এম.এম.আলী কলেজ, টাঙ্গাইল	৫৩০২	৯৩	আলহাজ মকবুল হোসেন কলেজ, ঢাকা	৬৪৮৬
৩০	নবাবগঞ্জ সর. কলেজ, নবাবগঞ্জ	২৬০১	৬২	নরসিংদী সর. কলেজ, নরসিংদী	৫৪০১	৯৪	শ্যামনগর সরকারি মহসিন ডিগ্রি কলেজ	২০৭
৩১	সর. আযিযূল হক কলেজ, বগুড়া	২৭০১	৬৩	ভাওয়াল বদরে আলম সর. কলেজ, গাজীপুর	৫৫০১	৯৫	সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা	৬৪১৮
৩২	জয়পুরহাট সর. কলেজ, জয়পুরহাট	২৮০১	৬৪	কাজী আজিমউদ্দিন কলেজ, গাজীপুর	৫৫০৫			

13.7.16

(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

সূত্র নং ঃ ০৬ (১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/ তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়।

২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।

৩। সকল বিভাগীয় প্রধান, -------------------------------------- ------ জাতীয় বিশ্ববিদ্যালয়।

৪। পরিচালক, কম্পিউটার ও আই সি টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইট এ বিজ্ঞপ্তি, সফটওয়্যার ও আবেদন ফরম প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।

৫। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়।

৬। পরিচালক, জনসংযোগ ও প্রকাশন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় (বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধ করা হ'ল)।

৭। সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয় এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।

৮। সেকশন অফিসার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয় এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।

৯। সেকশন অফিসার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।

১০। অফিস কপি/গার্ড ফাইল/সংশ্লিষ্ট সকল নথি।

(মোঃ আতাউর রহমান)
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।